

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং - ২৬৫

তারিখ: ০৭/০৮/২০২০

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা প্রধান কার্যালয়ের স্মারক নং ৩৪.০১.০০০০.০৪০.৩৭.১৩.২২-৬৬ তারিখ: ১২-১৩-২০২২ খ্রি: মোতাবেক “টেকাব ২য় পর্যায়” প্রকল্পের আওতায় ভ্রাম্যমান কম্পিউটার ভ্যানে সেপ্টেম্বর/২০২৩ খ্রি: মাস হতে অক্টোবর/২০২৩ খ্রি: পর্যন্ত ০২ (দুই) মাস ব্যাপী কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ে প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য কটিয়াদী উপজেলার স্থায়ী ১৮ হতে ৩৫ বৎসর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নিয়মাবলী অনুসরন পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:

- ০১। শিক্ষাগত যোগ্যতাঃ পুরুষ প্রশিক্ষণার্থীর ক্ষেত্রে এইচ.এস.সি ও মহিলা প্রশিক্ষণার্থীর ক্ষেত্রে এস.এস.সি পাশ হতে হবে।
- ০২। দরখাস্তে আবেদনকারীর নাম/পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স ইত্যাদি উল্লেখ পূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর নির্ধারিত তারিখ ও অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রে সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, জন্ম নিবন্ধনের ফটোকপি,
- পৌরসভা/ইউনিয়ন পরিষদের পরিচয় পত্র, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।
- ০৪। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ: ২০/০৮/২০২৩খ্রি।
- ০৫। পরীক্ষা (মৌখিক): ২২/০৮/২০২৩ খ্রি: তারিখ সকাল -১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- ০৬। পরীক্ষার স্থানঃ উপজেলা পরিষদ হল বুর্গ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৭। ফলাফল ঘোষনার তারিখ: ২৩/০৮/২০২৩খ্রি: তারিখ দুপুর -২.৩০ ঘটিকা।
- ০৮। ভর্তির তারিখ: ২৪/০৮/২০২৩ তারিখ (অফিস চলাকালীন সময়)।
- ০৯। প্রশিক্ষণ ক্লাশ শুরু ও শেষের তারিখ: ০১/০৯/২০২৩খ্রি: হতে ৩০/১০/২০২৩খ্রি: তারিখ পর্যন্ত (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১:৩০ টা-বিকাল ৫:৩০ টা পর্যন্ত)।
- ১০। প্রশিক্ষণ কেন্দ্রঃ উপজেলা পরিষদ প্রাঙ্গন, কটিয়াদী, কিশোরগঞ্জ, প্রশিক্ষণ ক্লাশে নিয়মিত উপন্থিতি ও কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলা বাধ্যতামূলক।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হলোঃ-

- ০১। প্রকল্প পরিচালক (টেকাব), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (থানা), কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।

(মোঃ আলিউল হক)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
কটিয়াদী, কিশোরগঞ্জ।

(মোঃ আলিউল হক)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
কটিয়াদী, কিশোরগঞ্জ।